# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২৮৭৮১/পিরোজপুর-৫৪/ ২৫৪

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ / ২১ অক্টোবর ২০২৫

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলাধীন এস এম দারুসুন্নাত দাখিল মাদ্রাসার প্রস্তাবিত ম্যানেজিং কমিটি গঠনে অনিয়ম ও সুপারের বিরুদ্ধে জনৈক এম.এ ওহাব সিকদার অভিযোগ দাখিল করেছেন। (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

২১.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
নাজিরপুর, পিরোজপুর।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২৮৭৮১/পিরোজপুর-৫৪/

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ / ২১ অক্টোবর ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, পিরোজপুর;
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাজিরপুর, পিরোজপুর;
৪. সভাপতি, এস এম দারুসুন্নাত দাখিল মাদ্রাসা, ডাকঘর-ষোলশত, থানা-নাজিরপুর, পিরোজপুর;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, এস এম দারুসুন্নাত দাখিল মাদ্রাসা, ডাকঘর-ষোলশত, থানা-নাজিরপুর, পিরোজপুর;
৬. জনাব এম.এ ওয়াহাব সিকদার, (অভিযোগকারী), গ্রাম-বাকশি, থানা-নাজিরপুর, জেলা-পিরোজপুর;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

২১/১০/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বরাবর,

রেজিষ্ট্রার
মাদরাসা শিক্ষা বোর্ড
২নং অরফানেজ রোড
বকশী বাজার, ঢাকা।

**বিষয়: পিরোজপুর জেলার নাজিরপুর থানাধীন এস.এম. দারুসসুন্নাত দাখিল মাদ্রাসার ই.আই.এন নং-১০২৮৭৮ এর ২০২৫ সনের ম্যানেজিং কমিটি অনুমোদন না করিয়া গঠনে অনিয়মের বিরুদ্ধে সংশ্লিষ্ট সুপারের বিরুদ্ধে অভিযোগ।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী পিরোজপুর জেলার নাজিরপুর থানাধীন এস.এম. দারুসসুন্নাত দাখিল মাদরাসা, ই.আই.এন নং-১০২৮৭৮, বাকশী এর প্রতিষ্ঠাতা। ২০২৫ সালে কমিটি গঠনের লক্ষ্যে উদ্যোগ নিয়া গত ১১/০৯/২৫ইং তারিখে ভোট গ্রহনের জন্য ধার্য্য হয়। যথারীতি ভোট গ্রহন না করিয়া সংশ্লিষ্ট মাদরাসার সুপার পরস্পর যোগাযোগে নিম্ন লিখিত দুর্নীতির আশ্রয় নেয়।

(১) শিক্ষার্থীদের অভিভাবক প্রতিনিধি নির্বাচিত হওয়ার জন্য ৫ জন মনোনয়ন পত্র জমা দিলেও এক দিন পূর্বে ১০/০৯/২৫ ইং তারিখে একটি লটারীর মাধ্যমে ৩ জন প্রতিনিধি নিযুক্ত করিয়া রিটার্নিং অফিসারের কাছে পাঠাইয়া দেয়।

(২) দাতা সদস্যের মনোনয়ন ফর্মে প্রস্তাব ও সমর্থকের স্বাক্ষর বিহীন মনোনয়ন ফর্ম গ্রহন করিয়া দাতা সদস্য অনুমোদন দেয়।

(৩) গত ১৫/০৯/২০২৫ইং তারিখে আমাকে নোটিশ না দিয়া সভাপতি নির্বাচনের তারিখ ধার্য করিয়া ইতিপূর্বে পর পর দুইবার সভাপতি হিসাবে দায়িত্ব পালনকারী ব্যক্তিকে পরিপত্রের ১২(৩) ধারা লংঘন করিয়া পুনরায় সভাপতি বানায়। সে একই সাথে অত্র মাদসারা এবং একই থানার সেখমাটিয়া গ্রামের মোতাহার হোসেন এবতেদায়ী মাদ্রসায় নিজ নামে বিল করায়।

(৪) সুপার বাগেরহাট জেলার চিতলমারী থানাধীন নেছারিয়া দাখিল মাদরাসায় ইবতেদায়ী প্রধান হিসাবে ১৯৯৭ সাল পর্যন্ত চাকরী করা কালে তথ্য গোপন করিয়া ২০০৪ সালে এই মাদরাসায় পূর্বের ইনডেক্স ব্যবহার করে যাহা জনবল কাঠামো আইন ৯৫ এর ১৪ ধারা, ২০১০ এর ১২ ধারা ও ১৮(গ) ধারার বিধান লংঘন। তিনি অত্র মাদরাসায় ২ জন শিক্ষক ও ১ জন কর্মচারীকে অন্যায় ভাবে বৈধকরণ দেখাইয়াছে। তাহার সার্টিফিকেটে একাধিক ৩য় শ্রেনী গোপন করিয়াছে।

(৫) উক্ত নির্বাচন পরিচালনায় সঠিক ভাবে ভোটার লিষ্ট তৈরী করে নাই। ভোটার লিষ্ট চাইলেও সরবরাহ করে নাই। প্রতিষ্ঠানের সুপার সংশ্লিষ্টদের যোগসাজসে একটি বেআইনী কমিটি গঠন করিয়াছে। উক্ত বেআইনী কমিটি বাতিল যোগ্য। উল্লেখ্য পূর্বের কমিটির মাধ্যমে আলতাফ হোসেন সুমি আক্তারকে চাকরী দিয়া ২০ লক্ষ টাকা গ্রহন করে, সে ব্যাপারে মামলা হয়।

যেহেতু প্রার্থনা অত্র দরখাস্ত গ্রহন করিয়া বিগত ১৫/০৯/২৫ইং তারিখে গঠিত বেআইনী কমিটি অনুমোদন না করিয়া তদন্ত সাপেক্ষে কার্যকরী ব্যবস্থা গ্রহন করিতে মর্জি হয়।

আপনার নিবেদক
23/9/25
(এম.এ. ওয়াহাব সিকদার)
প্রতিষ্ঠাতা সদস্য
জাতীয় পরিচয় পত্র নং-৫৫০৩৫৮৬২৩১
মোবাইল: ০১৭৪০৮৪৩৬৭৩